

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪৯৬২

৩৭/ নিদ্রা সম্পর্কীয় (كتاب النوم)

পরিচ্ছেদঃ ৫. ঘুমাবার সময় যে দু'আ পড়তে হয় সে সম্পর্কে।

باب مَا يُقَالُ عِنْدَ النَّوْمِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا الْمُعْتَمِرُ، قَالَ سَمِعْتُ مَنْصُورًا، يُحَدِّثُ عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ، قَالَ حَدَّثَنِي الْبَرَاءُ بْنُ عَازِبٍ، قَالَ قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " إِذَا أَتَيْتَ مَضْجَعَكَ فَتَوَضَّأْ وُضُوءَكَ لِلصَّلَاةِ ثُمَّ اضْطَجِعْ عَلَى شِقِّكَ الْأَيْمَنِ وَقُلِ اللَّهُمَّ أَسْلَمْتُ وَجْهِي إِلَيْكَ وَفَوَّضْتُ أَمْرِي إِلَيْكَ وَأَلْجَأْتُ ظَهْرِي إِلَيْكَ رَهْبَةً وَرَغْبَةً إِلَيْكَ لَا مَلْجَأَ وَلَا مَنَاجَى مِنْكَ إِلَّا إِلَيْكَ آمَنْتُ بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْتَ وَبِنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ " . قَالَ " فَإِنْ مِتَّ مِتَّ عَلَى الْفِطْرَةِ وَاجْعَلْهُمْ آخِرَ مَا تَقُولُ " . قَالَ الْبَرَاءُ فَقُلْتُ أَسْتَذَكِرُهُنَّ فَقُلْتُ وَرَسُولِكَ الَّذِي أَرْسَلْتَ " . قَالَ " لَا وَبِنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ " .

বাংলা

৪৯৬২. মুসাদ্দাদ (রহঃ) বারা ইবন আযিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেনঃ যখন তুমি শোবে, তখন সালাতের উযূর ন্যায় উযূ করবে। এরপর তুমি তোমার ডান-পাশে শুয়ে নীচের দু'আটি পড়বেঃ হে আল্লাহ! আমি আমাকে আপনার সাথে সোপর্দ করলামঃ আমার সব কাজ আপনার উপর ন্যস্ত করলামঃ আমি আপনার উপর ভরসা করলাম শাস্তির ভয়ে, সাওয়াবের প্রত্যাশায়; আপনার থেকে পালিয়ে যাওয়ার কোন জায়গা নেই, আপনার কাছে ছাড়া; আমি ঈমান আনলাম আপনার কিতাবের উপর, যা আপনি নাযিল করেছেন এবং আপনার নবীর উপর, যাকে আপনি প্রেরণ করেছেন। এরপর তিনি বলেনঃ এ অবস্থায় যদি তুমি মারা যাও, তবে স্বভাব ধর্ম ইসলামের উপর মারা যাবে। আর সব শেষে তুমি এ দু'আ পাঠ করবে। রাবী বারা (রাঃ) বলেনঃ আমি দু'আটি মুখস্থ করার সময় আমার মুখ দিয়ে 'ওয়া বে-রাসূলিকাল্লাজী আরসালতা' বের হলে, তিনি বলেনঃ এরূপ নয়, বরং তুমি বলবেঃ 'ওয়া বে-নবীয়েকাল্লাজী আরসালতা' ; অর্থাৎ 'রাসূলিকা' না বলে, 'নবীয়েকা' বলবে।

English

Al-Bara b. 'Azib said :

The Messenger of Allah (May peace be upon him) said to me: When you go to your bed, perform ablution like the ablution for prayer, and then lie on your right side and say: O Allah I have handed over my face to thee, entrusted my affairs to thee, and committed my back to thee out of desire for and fear to thee. There is no refuge and no place of safety from thee except by having recourse to thee. I believe in Thy Book which Thou hast sent down and in Thy prophet whom thou hast sent down. He said : If you die (that night), you would die in the true religion, and utter these words in the last of that you utter (other prayers). Al-Bara said : I said: I memorise them, and then I repeated, saying “and in Thy Apostle whom Thou hast sent”. He said : No, say : “and in Thy Prophet whom Thou hast sent.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37068>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন